

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

স্মারকঃ ২৮.২৫.০০০০.২৪০.৪০.০০১.২৩/০০২

তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০২৩
০৯ ফাল্গুন ১৮২৯

ইনোভেশন টিমের সমন্বয় সভার কার্যবিবরণী

বিগত ১৯/০২/২০২৩ তারিখ, রোজ রবিবার, বিকাল ০২:৩০ ঘটিকায় ইনোভেশন টিমের সমন্বয় সভা ইনোভেশন অফিসার, জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পি এন্ড এস)-এর সভাপতিত্বে মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতিঃ সংলাগ-১)।

২.০ আলোচনাঃ

শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানানোর পর সভাসদগণকে অবহিত করেন যে, এটুআই হতে বিগত ১৫ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখের ইমেইল মারফত ইনোভেশন টিমের ইতিপূর্বে সম্পাদিত সহজিকৃত সেবার অফিস আদেশের কপি চাওয়া হয়েছে। নির্ধারিত গুগোল ফর্ম লিংকে চাহিত অফিস আদেশ কপি আপলোড সম্পর্কে সভায় আলোচনা করা হয়। ইতিমধ্যে চলতি বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী গৃহীত উদ্ভাবনী কর্মপরিকল্পনাটির ভিত কাঠামো নির্মাণ সম্পন্ন হয়েছে। পাম্প ইলেক্ট্রিক সংযোগ প্রদান করা হলেই কুলিং ওয়াটার রিসাইকেল প্রকল্পটি চালু করা সম্ভব হবে। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুসারে উদ্যোগটির প্রমাণকসমূহ হালনাগাদ করা হয়েছে। সভায় উক্ত উদ্যোগটি চলতি মাসের মধ্যে সফল বাস্তবায়নের ব্যাপারে বিশদ আলোচনা করা হয়। এছাড়া সদস্য সচিব সভাকে অভিহিত করেন যে, চলতি মাসে ই-নথির উপর আয়োজিত ঢাকায় একটি ২ (দুই) দিনের ট্রেনিংয়ে ইআরএল হতে ৩ (তিন) জন অংশগ্রহণ করে এবং বিপিসি আয়োজিত অপর একটি অনলাইন জুম মিটিংয়ে জানানো হয়েছে যে বিপিসি'র পক্ষ থেকে ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক আরও একটি সভা/কর্মশালা আয়োজন করা হবে। এছাড়া তিনি আগামী ২৭/০২/২০২৩ থেকে ০২/০৩/২০২৩ তারিখে ইআরএল-এল ই-নথি সার্ভার সম্পূর্ণ বন্ধ থাকবে বলে জানায়। এই সময়ে ই-নথি হতে ডি-নথিতে মাইগ্রেশন করা হবে।

৩.০ সিদ্ধান্তঃ

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- আগামী ২৩ ফেব্রুয়ারির মধ্যে নির্ধারিত গুগোল ফর্ম লিংকে “নৈমিত্তিক শ্রমিকের চাহিদাপত্র” বিষয়ক সহজিকৃত সেবাটির অফিস আদেশের কপি হালনাগাদ করতে হবে।
- চলতি মাসের মধ্যে উদ্ভাবনী উদ্যোগ-কুলিং ওয়াটার রিসাইকেল প্রকল্পটি বাস্তবায়ন করতে হবে।
- বিপিসি কর্তৃক অনুষ্ঠিতব্য ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক সভা/কর্মশালায় ইআরএল-এর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে
- ই-নথি/ডি-নথিতে ফাইলের ব্যবহার অবশ্যই ৮০% এর চেয়ে বাড়াতে হবে।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ মোস্তাফিজার রহমান)
ডিজিএম (পি এন্ড এস)

ও

ইনোভেশন অফিসার, ইআরএল

বিতরণঃ

জনাব মমশাদ করিম আনোয়ার, ডিজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ শামিউল ইসলাম, এজিএম (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ কামরুজ্জামান, ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ সাইফুর রহমান, ম্যানেজার (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব সোহরাব হোসেন, ম্যানেজার (প্ল্যানিং) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ বায়েজিদ ইসলাম, এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম

অনুলিপিঃ






ইস্টাৰ্ণ ৰিফাইনারী লিমিটেড

উত্তৰ পতেঙ্গা, চট্টগাম।

(সংলাগ-১)

তাৰিখঃ ১৯/০২/২০২৩ খ্রি.

“ইনোভেশন টিম”-এৰ সমন্বয় সভাৰ উপস্থিতি

নাম	পদবি	স্বাক্ষৰ
মোঃ মোস্তাফিজাৰ রহমান	ডিজিএম (পি এন্ড এস) ও ইনোভেশন অফিসাৰ	 19.2.23
মমশাদ কৰিম আনোয়ার	ডিজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম	Absent
মোঃ শামিউল ইসলাম	এজিএম (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম	 19.02.23
মোঃ কামৰুজ্জামান	ম্যানেজাৰ (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম	 19.2.23
মোঃ সাইফুর রহমান	ম্যানেজাৰ (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম	Absent
সোহরাব হোসেন	ম্যানেজাৰ (প্ল্যানিং) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম	 19.02.23
মোঃ বায়েজিদ ইসলাম	এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম	 19.02.23